ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬২৯
আগরতলা, ৭ জানুয়ারি, ২০২৬

## এক বছরে বিনিয়োগ ৪০০০ কোটি

## ব্যবসায়িক সংস্কারের ক্ষেত্রে ত্রিপুরা সারা দেশে প্রথম

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রচেষ্টায় ব্যবসার ক্ষেত্রে সংস্কারের ফলে বিভিন্ন রাজ্যে শিল্পে বিনিয়োগের আকর্ষণ বেড়েছে। জমি, নির্মাণ, পরিষেবা প্রভৃতি ক্ষেত্রে এবং শিল্প ও ব্যবসা ক্ষেত্রে সিঙ্গেল ইউন্ডো সিস্টেম গ্রহণের ফলে ব্যবসায়িক সংস্কারের ক্ষেত্রে ত্রিপুরা সারা দেশে প্রথম স্থান অধিকার করেছে। গত ১ বছরে ত্রিপুরায় প্রায় ১৫ হাজার কোটি টাকা বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে বিনিয়োগকারীরা। ইতিমধ্যে ৬৮টি প্রকল্পে ৪ হাজার কোটি টাকারও বেশি বিনিয়োগ হয়েছে। শিল্প ও বাণিজ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

শিল্প ও বাণিজ্য দপ্তর জানিয়েছে, কেন্দ্রীয় সরকারের ক্যাবিনেট সেক্রেটারির সভাপতিত্বে ৩৬টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের কাজকর্ম পর্যালোচনা করা হয়। গত ২৬ থেকে ২৮ ডিসেম্বর নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে মুখ্যসচিবদের পঞ্চম সম্মেলনে এ বিষয়ে আলোচনা করা হয়। রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা ব্যবসায়িক সংস্কার বিষয়ে ত্রিপুরার কৌশল ও পদক্ষেপ মুখ্যসচিবদের বৈঠকে তুলে ধরেন। ত্রিপুরা সরকারের নেওয়া পদক্ষেপগুলি অধ্যায়ণ ও গ্রহণ করার জন্য অন্যান্য রাজ্যগুলিকে পরামর্শ দেওয়া হয়। ত্রিপুরা জাতীয় স্বীকৃতি পাওয়ার পর বিহার সরকার ব্যবসায়িক সংস্কারের বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের জন্য রাজ্যের শিল্প দপ্তরের আধিকারিকদের আমন্ত্রণ জানিয়েছেন। আগামীকাল পাটনার পুরনো সচিবালয়ে রাজ্যের আধিকারিকগণ বিহার সরকারের আধিকারিকগণের সঙ্গে এ বিষয়ে এক বৈঠকে মিলিত হবেন।

*****